



নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২০. (অংশ) ৪৩

তারিখ: ২২/১০/২০২০

বিষয়: মুজিববর্ষের গৃহীত মানুশকে সরকারের সচিবগনের গৃহ উপহার এর উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৭-১০-২০২০ তারিখের পত্র নম্বর-০৩.০০.২৬৯০.০৮-২.৪৬.০১৪.২০২০.৪৩৫

আগামী ৩১/১০/২০২০ খ্রি., শনিবার, সকাল ১০:৩০ মিনিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন হতে “মুজিববর্ষের গৃহীত মানুশকে সরকারের সচিবগনের গৃহ উপহার” এর উদ্বোধনী অনুষ্ঠানে (ভার্চুয়াল) প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠানটি বিটিভি আউটপুটের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফ.এম ১০৬.০ মেগাহার্জ এবং ওয়েব সাইট [www.betar.gov.bd](http://www.betar.gov.bd) থেকে সরাসরি সম্প্রচার হবে।

- ২। অনুষ্ঠানটির সময়সূচি পরিবর্তন/ বাতিলের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন প্রধানমন্ত্রীর কার্যালয় প্রেস উইং-এর সাথে যোগাযোগ পূর্বক অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য সময়সূচি পরিবর্তন/ বাতিলের বিষয়ে অবহিত করবেন।
- ৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এর অনুষ্ঠান ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে।
- ৪। অনুষ্ঠানটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি ([programlivebb@gmail.com](mailto:programlivebb@gmail.com)) সদর দপ্তরে প্রেরণ করবেন।
- ৫। অনুষ্ঠানটি প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটার গুলো চালু না থাকলে অনুষ্ঠানটি শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৬। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট স্টুডিওতে বা সুবিধাজনক স্থানে ডিস সংযোগসহ ০১ (এক) টি টেলিভিশন মনিটরের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৭। অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৮। উক্ত অনুষ্ঠানটি যথাযথ ভাবে রীলে হচ্ছে কিনা সে বিষয়ে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা; সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠান সুষ্ঠু ভাবে প্রচার নিশ্চিত করবেন।
- ৯। অনুষ্ঠানটি প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবে।
- ১০। অনুষ্ঠানটি সুষ্ঠু ভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।
- ১১। বর্ণিত অনুষ্ঠানটি ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। উক্ত অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী/ উপস্থাপক- উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট স্টুডিওতে উপস্থিত থাকবেন।

(কামাল আহমেদ)  
পরিচালক (অনুষ্ঠান)  
মহাপরিচালকের পক্ষে।  
ফোন: ০২-৪৪৮১৩০৭৪

[dp.program.betar@gmail.com](mailto:dp.program.betar@gmail.com)

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

- ১। প্রধান প্রকৌশলী/ উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, লিয়াজৌ, আগারগাঁও, ঢাকা/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/ জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।
- ৫। নথি।